

Subject Bengali

2nd language

Worksheet

Class-6

Chapter-1

মন্মথ

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।

গল্পের সারসংক্ষেপ:

সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র-

চট্টোপাধ্যায় রচিত 'আনন্দমঠ'- উপন্যাসের অন্তর্গত। আলোচ্য অংশটিতে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ১১৭৬ সালের দেশব্যাপী ভয়াবহ দুর্ভিক্ষ ও মহামারীর কথা তুলে ধরেছেন। এই ভয়াবহ দুর্ভিক্ষের মধ্যে পড়েছিল বাংলাদেশ। সেই সময় বাংলাদেশ ও পশ্চিমবঙ্গ বলে আলাদা কিছু ছিল না, পুরোটাই ছিল বাংলাদেশ। ১১৭৬ সালে হঠাৎ দেখা দেয় দুর্ভিক্ষ এই দুর্ভিক্ষ 'ছিয়াত্তরের মন্মথ' নামে বিখ্যাত। এই মহামারীর ফলে বাংলাদেশের পদচিহ্ন গ্রামের মর্মান্তিক অবস্থা ঘটে। সুন্দর বাড়ি লোকজনে পরিপূর্ণ ছিল এই গ্রামটি। অর্থাৎ একটি সুন্দর গ্রাম ছিল, সেখানে বাজারে সারি সারি দোকান হাট চালা দোকানপাট, হাট-বাজার হতো। প্রচুর মাটির বাড়ি ও তার মধ্যে উঁচু-নিচু অট্টালিকা ছিল। যে শোচনীয় অবস্থা ১১৭৬ সালে দুর্ভিক্ষের সময় বাংলাদেশের অবস্থা ভয়াবহ হয়েছিল। ছিয়াত্তরের মন্মথের ফলে সবকিছু যেন অন্যরকম হয়ে গেল। লোকজন পরিপূর্ণ এই গ্রামটিতে কোন লোকজনকে আর দেখা যাচ্ছিল না। বাজারে দোকানপাট বন্ধ হয়ে গিয়েছিল হাট বসছিল না। তাঁতিরা তাঁত বোনা বন্ধ করে দিয়েছিল কারণ ব্যবসা বন্ধ হয়ে গিয়েছিল। দাতারা দান বন্ধ করেছিল। শিক্ষকরা টোলে বসা বন্ধ করে দিয়েছিল। তখনকার সময়ে স্কুল বিদ্যালয় বলতে পাঠশালাকেই বোঝানো হতো। শিশুরা তাদের কান্না বন্ধ করে দিয়েছিল কারণ তারা বুঝতে পেরেছিল খিদের জ্বালায় কাঁদলেও খিদে মিটেবে না। গাছে একটি পাখির দেখা ছিল না। মাঠে গরুর দেখাও ছিল না। শুধুমাত্র চারদিকে খাদ্যের অভাবে ও রোগে আক্রান্ত হয়ে যেমন ওলাওঠা, বসন্ত, জ্বর ইত্যাদি বিভিন্ন রোগে আক্রান্ত হতে থাকলো মানুষরা এবং বিনা চিকিৎসায় তাদের মৃত্যু হতে থাকলো। শ্মশানে শিয়াল

কুকুরের কান্না ছাড়া আর কিছুই শোনা যেত না। অন্যদিকে সেই বছর ভালো ফসল না হওয়ায় চালের দাম বেড়ে যায় কিন্তু রাজা চাষীদের কাছ থেকে খাজনা কড়ায়-গণ্ডায় বুঝে নিতে থাকে। এরপর মহম্মদ রেজা খাঁ শতকরা ১০ টাকা খাজনা বাড়িয়ে দেয়, এর ফলে বাংলায় পড়ে যায় খাদ্যের অভাব এবং কান্নার শব্দ। খাদ্যের অভাবে তারা বাঁচবার জন্য সকলেই সবকিছু নিজেদের বিক্রি করতে থাকে গরু, ঘরবাড়ি, জমি এমনকি নিজের স্ত্রী, ছেলেকেও বিক্রি করে দিতে চায়। শেষ পর্যন্ত সেটা কেনার জন্য লোকজন পাওয়া যায় না। খাবার না খেতে পেয়ে তারা বিড়াল, কুকুর, ইঁদুর ইত্যাদি পচা জঙ্ঘ-জানোয়ার খেতে থাকে। যারা বিদেশে পালিয়ে গেল তাদের না খেতে পেয়ে মৃত্যু হল। আর যারা গ্রামে থেকে গেল, তারা খিদের জ্বালায় অখাদ্য- কুখাদ্য খেয়ে রোগে আক্রান্ত হয়ে মৃত্যু হল।

জনমানব শূন্য চারিদিকে শুধু নীরবতা ও নিস্তব্ধতা, বিশেষ করে বসন্ত রোগে ঘরে ঘরে সবাই মরতে থাকল কে কাকে জল দেয় কে কার চিকিৎসা করে কে কাকে দেখে। কেউ কাউকে দেখার নেই মরলেও কেউ ফেলে দেবার নেই সংকার করে দেবার লোক নেই। বড় অটালিকা গুলির মধ্যে বসবাসকারী সুন্দর মানুষদের মৃত্যু হল রোগে আক্রান্ত হয়ে। আলোচ্য গল্পাংশটির মধ্যে দিয়ে লেখক দুর্ভিক্ষের চরম অতি শোচনীয় ভয়াবহতা কে তুলে ধরেছেন। সাধারণ সুন্দর জীবন হঠাৎ যে কতটা কষ্টকর হতে পারে, তার মর্মান্তিক ভয়াবহ চিত্র আমরা এই অংশের মধ্যে দিয়ে দেখতে পাই।

১) নীচের অর্থ গুলি পড়ো এবং লেখ:

মৃন্ময় - মাটি।

গৃহ প্রান্তে - ঘরের কোণে।

সরোবর - বড় পুকুর।

অটালিকা - পাকা বাড়ি।

অভ্যন্তরে - ভিতরে।

মধ্যাহ্নে - দুপুরে।

দৌরাত্ম্য - অত্যাচার।

প্রাদুর্ভাব - প্রকোপ।

সমাগম - আগমন / উপস্থিতি।

২) পদ পরিবর্তন করো।

উত্তাপ - উত্তম।

প্রবল - প্রবলতা।
নীরব - নীরবতা।
মধ্যাহ্ন - মধ্যাহ্নিক/মধ্যাহ্নে।
দরিদ্র - দারিদ্র।
আনন্দ - আনন্দিত।
প্রবেশ - প্রবেশিত/প্রবেশিকা।

৩) বিপরীত শব্দ লেখ।

বন্ধু - শত্রু।
সাহস - ভয়।
বৃহৎ - ক্ষুদ্র।
সম্মুখে - পশ্চাতে।
আহার - অনাহার।
খরিদদার - বিক্রেতা।
কান্না - হাসি।
আনন্দ - নিরানন্দ/ দুঃখ।

৪) লিঙ্গান্তর কর।

রাজা - রানী।
কুকুর - কুকুরী।
শৃগাল - শৃগালীনি।
স্বামী - স্ত্রী।
মেয়ে - ছেলে।
গৃহবাসী - গৃহবাসিনী।

৫) নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

ক) মন্ত্রস্তর কাকে বলে?

Keywords-দেশব্যাপী দুর্ভিক্ষ মহামারী।

খ) কোন সালে মন্ত্রস্তর

হয়েছিল?

Keywords- ১১৭৬।

গ) এই প্রবন্ধে কোন গ্রামের

দৃশ্য বর্ণনা করা হয়েছে?

Keywords- পদচিহ্ন।

ঘ) মন্মথের পূর্বে গ্রামখানির

অবস্থা কেমন ছিল?

Keywords- মন্মথের আগে গ্রামটির বর্ণনা লেখ।

ঙ) শিশুদের কান্না বন্ধ হয়েছিল

কেন?

Keywords- খাদ্যের অভাবে।

বাড়ির কাজ -

Page number- ৩,৪

অনুশীলনী সংক্ষিপ্ত প্রশ্নাবলী থেকে খ) ১,৪,৫ প্রশ্ন গুলি করবে এবং ১নম্বরের প্রশ্নের উত্তর গুলির উত্তর লিখবে ঘ) ১,২,৩।

১) নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

ক) স্নাতক কথাটির অর্থ কি?

খ) কেল্শ কথাটির অর্থ কি?

গ) কে শতকরা কত টাকা খাজনা

চাপিয়েছিল প্রজাদের উপর?

ঘ) তোমরা কি বলতে পারো ছিয়াত্তরের মন্মথের সঙ্গে এ বছরই ঘটে যাওয়া ঘটনার সঙ্গে কিছুটা হলেও কিসের সাথে তুলনা করা যায় বা কোন ঘটনার সাথে তুলনা করা যায়।
